তারিখ ... AUG 1 4 2006

প্রথম আলো

পৃষ্ঠা ২৭ কলাম ৫

# যুক্তরাজ্যের পাঠ্যক্রমের শিক্ষার্থীদের নিয়ে ব্রিটি কাউন্সিলের ফোরাম

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

যেসব বাংলাদেশি শিক্ষার্থী যুক্তরাজে পাঠ্যক্রমে শিক্ষা গ্রহণ করছে তাদের নি একটি ফোরাম গঠন করছে ব্রিটিশ কাউন্সিল। ফোরামের নাম দেওয়া হয়েছে বিসি ক্যারিয় নেটওয়ার্ক।

ব্রিটিশ কাউন্সিল বিসি নেটওয়ার্কে সদস্যদের শিক্ষা গ্রহণ এবং শিক্ষা শে ক্যারিয়ার গঠনের জন্য বিশেষ সহযোগি দেবে। এ ছাড়া ডিজুস দেবে শিক্ষাবৃত্তি ফোরামে দুই ধরনের সদস্যপদ রয়েছে। ১২ টাকায় 'গোল্ড মেম্বার' এবং ১৫শ টাকা 'প্লাটিনাম মেম্বার' হওয়া যাবে। প্লাটিনা সদস্যেরা কিছু বেশি সুবিধা পাবেন।

গতকাল বৃহস্পতিবার ব্রিটিশ কাউন্সি মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে বিসি নেটওয়ার্কে আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। ফোরাম গঠে সহযোগিতা করছে গ্রামীণের মোবাইল ফো ব্র্যান্ড ডিজুস।

উদ্বোধনী অনুষ্ঠানে ব্রিটিশ কাউন্সিলে ভারপ্রাপ্ত পরিচালক রিচার্ড স্যান্ডারল্যান্ড বলেন যেসব বাংলাদেশি শিক্ষার্থী যুক্তরাজ্যে পাঠ্যক্রমে শিক্ষা গ্রহণ করছে তাদের মধ্যে যোগাযোগ গড়ে তোলার জন্যই ব্রিটিশ কাউন্সিল এ উদ্যোগ নিয়েছে।

গ্রামীণফোনের বিপণন বিভাগের প্রধান রুবাবা দৌলা মতিন বলেন, ডিজুস প্রতিবছর তিনজন শিক্ষার্থীকে বৃত্তি দেবে। এ ছাড়া এই ফোরামের সদস্যদের পরীক্ষা ও বিভিন্ন কার্যক্রমের সময়সূচি জানতেও ডিজুস বিশেষ এসএমএস সুবিধা দেবে।

পরীক্ষাবিষয়ক কর্মকর্তা শাহিন রেজা বলেন, যারা যুক্তরাজ্যে শিক্ষা গ্রহণ করছে তারাও এ ফোরামে যোগ দিয়ে নিজেদের মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ গড়ে তুলতে পারবে।

ফোরামের সদস্যদের ব্রিটিশ কাউন্সিলের পক্ষ থেকে লাইব্রেরি ব্যবহারের সুযোগ, ব্রিটিশ কাউন্সিলের বিভিন্ন অনুষ্ঠান ও কার্যক্রমের তথ্য এসএমএস করে জানানো এবং ক্যারিয়ার গঠনের জন্য চাকরির আবেদন ও জীবনবৃত্তান্ত তৈরি এবং সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ সেবা দেওয়া হবে।